দৈনিক ইনকিলাব

তারিখ 19 JAN 1998

পৃষ্ঠা 2 কলাম ৭

150

# জাতি চায় বর্তমান শিক্ষা ব্যবস্থার সংস্কার আর সরকার করছে খুদা কমিশনের সংস্কার

## –ইসলামী ছাত্রসেনা

বৃটিশ ঔপনিবেশিক সূত্রে প্রাপ্ত শিক্ষা ব্যবস্থা প্রক্রিয়ায় বাংলাদেশের বর্তমান শিক্ষা পরিস্থিতি যে চরম সংকটাপন্ন অবস্থার দিকে এগুচ্ছে একথা আর বলার অপেক্ষা রাখে না। সমাজে সর্বপ্রকার ভাঙ্গন, বিপর্যয়, নৈরাজ্য ও নৈতিক অধঃপতনের একমাত্র কারণ হচ্ছে ঔপনিবেশিক শিক্ষা ব্যবস্থা। এ শিক্ষা ব্যবস্থা দক্ষ, যোগ্য ও চরিত্রবান নাগরিক সৃষ্টিতে সম্পূর্ণরূপে ব্যর্থ বিধায় শিক্ষা পদ্ধতির সংস্কারের কথাও উঠেছে সব সরকারের আমলে। বর্তমান সরকারও দুই যুগের পুরানো ডঃ কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন রিপোর্ট বাস্তবায়নে উঠে পড়ে লেগেছে। সরকারী তথ্য বিররণী থেকে জানা যায়, খুদা কমিশনের রিপোর্ট জনমুখী, যুগোপযোগী ও বাস্তবভিত্তিক নয়। তাই সরকার খুদা কমিশনের রিপোর্ট সংস্কারের জন্য ৫৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করেছে। কি আজগুবী ব্যাপার, জাতি চায় বর্তমান শিক্ষা ব্যবস্থার সংস্কার আর সরকার করছে খুদা কমিশনের সংস্কার। জাতি ইতোপূর্বে যেমন এ কমিশনকে প্রত্যাখ্যান করেছে তেমনি বর্তমানেও।

বাংলাদেশ ইসলামী ছাত্রসেনার দেড় যুগপূর্তিতে গতকাল ১৮ জানুয়ারী স্থানীয় একটি হোটেলে সংগঠনের সভাপতি ফিরোজ আলমের সভাপতিত্বে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় লিখিত বক্তব্য পাঠ করেন সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ আলী ফারুকী। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সাবেক কেন্দ্রীয় সভাপতি এমএ মোমেন, সহ-সাধারণ সম্পাদক মাহমুদুল হাসান আনসারী, অর্থ সম্পাদক মোঃ জসিম উদ্দিন সিদ্দিকী, প্রচার সম্পাদক মোস্তাফিজুর রহমান, দপ্তর সম্পাদক আ, ফ, ম হাসান মাহমুদ ও ছালামত উল্লাহ প্রমুখ। প্রেস বিজ্ঞপ্তি।